



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৮২৯

তারিখ: ২০/১১/২০১৭

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড অনলাইনে প্রদান সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড অনলাইন থেকে ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে নিম্নোক্ত সময়সূচি ও করণীয় অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত ও প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েব (www.nu.edu.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College login এ Click করে College Profile এর Notification link হতে প্রাপ্ত User name ও password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন।	২০/১১/২০১৭ থেকে ৩০/১২/২০১৭
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী : যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড download করার জন্য password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, ফোন/মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল ঠিকানাসহ ডীন দপ্তরের অফিসিয়াল ই-মেইল deanug@nubd.info বরাবর আবেদন করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে user id, password প্রেরণ করা হবে।	
৩।	কোন কলেজের ভর্তি ফান্ড বা রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজের রেজিকার্ড ইস্যু করা হবে না।	

বিঃ দ্রঃ যে সকল কলেজ এখনো অধিভুক্তি নবায়নের তথ্য ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল দপ্তরে প্রেরণ করেন নাই তাদেরকে ৩০/১১/২০১৭ তারিখের মধ্যে নবায়ন সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট কলেজ কোন ভাবেই ২০১৭-১৮ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে না।

বিষয়টি অতিব জরুরী।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৬৮, কল সেন্টার: ০৯৬১৪০১৬৪২৯,
ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৮২৯

তারিখ: ২০/১১/২০১৭

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেক্ট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (অনার্স ও ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়